# বার্ষিক প্রতিবেদন

## (২০১৫-২০১৬)

## গণপূর্ত অধিদপ্তর



# বার্ষিক প্রতিবেদন
# (২০১৫-১৬)

## সূচিপত্র


| ক্রমিক | বিষয়বস্তু | পৃষ্ঠা |
| --- | --- | --- |
| ০১) | গণপূর্ত অধিদপ্তরের সংক্ষিপ্ত পরিচিতি | ৩ |
| ০২) | অধিদপ্তরের প্রধান প্রধান কার্যাবলী | ৪ |
| ০২) | সাম্প্রতিক বছরসমূহে প্রধান প্রধান অর্জনসমূহ | ৪ |
| ০৩) | উন্নয়ন প্রকল্পের বরাদ্দকৃত অর্থের ব্যবহার | ৫-৭ |
| ০৪) | গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত অন্যান্য মন্ত্রণালয়ের প্রকল্পের বরাদ্দকৃত অর্থের ব্যবহার | ৭-৮ |
| ০৫) | গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত উল্লেখযোগ্য প্রকল্প | ৯-১১ |
| ০৬) | গণপূর্ত অধিদপ্তরের ভবিষ্যৎ পরিকল্পনা ও সম্ভাবনা | ১২ |
| ০৭) | অন্তরায় ও উত্তরণকৌশল | ১৩ |
| ০৮) | অন্যান্য উল্লেখযোগ্য কার্যক্রম/ অর্জন | ১৪ |
| ০৯) | গণপূর্ত অধিদপ্তর কর্তৃক অর্জিত কিছু মাইলফলক | ১৫ |
| ১০) | গুরুত্বপূর্ণ কয়েকটি সমাপ্ত প্রকল্পের স্থির চিত্র | ১৯ |
| ১১) | গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কয়েকটি উল্লেখযোগ্য প্রকল্পের স্থির চিত্র | ৩০-৩৪ |

# প্রতিষ্ঠার পটভূমি

১৭৮৬ সালে বৃটিশ শাসক কর্তৃক পূর্ত কাজ দেখাশুনার জন্য মিলিটারী বোর্ড গঠন করা হয়। ১৮৪৯ সালে ইংরেজগণ কর্তৃক পাঞ্জাবের জন্য গণপূর্ত দপ্তর প্রতিষ্ঠা করা হয়। ১৮৫৪ সালে তদানীন্তন বাংলা, মাদ্রাজ ও বোম্বেতে গণপূর্ত অধিদপ্তর প্রতিষ্ঠা করা হয়। সে সময়ে গণপূর্ত অধিদপ্তরের কর্ম-পরিধি ছিল ঃ

রাস্তা ও বিল্ডিং নির্মাণ, রেলওয়ে সংক্রান্ত কাজ,
বন্যা নিয়ন্ত্রণ ও সেচ ব্যবস্থাপনা এবং
সামরিক পূর্ত কাজ

১৯৪৭ সালে তদানীন্তন পাকিস্তানে কেন্দ্রীয় সরকারের পূর্ত কাজের জন্য Central PWD এবং প্রাদেশিক সরকারের পূর্ত কাজের জন্য Communication & Building (C&B) গঠন করা হয়। ১৯৬২ সালে C&B কে Building Directorate এবং Road Directorate এ ভাগ করা হয়। স্বাধীনতা উত্তর স্বাধীন বাংলাদেশে ১৯৭৭ সালে Central PWD এবং Building Directorate একীভূত করে বর্তমান গণপূর্ত অধিদপ্তর গঠন করা হয় এবং তখন থেকেই এর কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।

# ভিশন

রুলস অব বিজনেস অনুসরণে দেশের অবকাঠামো তথা নিরাপদ, আধুনিক সাশ্রয়ী মূল্যে সরকারী স্থাপনা নির্মাণের মাধ্যমে দেশের আর্থসামাজিক অবস্থা উন্নয়নে কার্যকরী ভূমিকা নিশ্চিত করা ।

# মিশন

- প্রকৌশল প্রযুক্তি সর্বত্তম প্রয়োগ নিশ্চিত করা ।
- যুগাপোযোগী আধুনিক, সরকারী অফিস ভবন নির্মাণ ।
- আধুনিক সুযোগ সুবিধা সম্মলিত স্বাস্থ্য সম্মত আবাসিক ভবন নির্মাণ ।
- নির্মাণ শিল্পে নেতৃত্ব প্রদান।

# প্রধান কার্যাবলি

- সরকারি ভবন ও অন্যান্য অবকাঠামোর কাঠামোগত নক্সা প্রণয়ন।
- সরকারি ভবন ও অন্যান্য অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।
- স্মৃতিসৌধ, জাদুঘর ও ঐতিহাসিক অবকাঠামো পুনঃ নির্মাণ/রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ কাজ।
- সরকারি কর্মকর্তা এবং কর্মচারীদের জন্য অফিস ভবন ও আবাসিক ভবন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।
- পাবলিক পার্ক উন্নয়ন ও সংরক্ষণ কাজ।
- আরবরিকালচার সংক্রান্ত কাজ।
- অফিস ও বাড়ীভাড়া নির্ধারণ সংক্রান্ত কাজ।
- সরকারি মন্ত্রী, সচিব ও উর্ধ্বতন কর্মকর্তাদের অফিস ও বাসস্থান সংক্রান্ত সুবিধাদি প্রদান।
- উত্তরা গণভবন নাটোর মেরামত ও সংরক্ষণ কাজ।
- পরিত্যক্ত সম্পত্তি ও অবকাঠামো রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ।

# সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জন সমূহ

**(ক) সরকারি কর্মকর্তাদের জন্য নির্মাণাধীন আবাসিক প্রকল্প :**

(১) বর্তমানে জাতীয় সংসদ ভবনের কর্মকর্তা কর্মচারীদের জন্য ৪৪৮ টি ফ্ল্যাট নির্মাণ।

(২) সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিদের জন্য ৭৬টি ফ্ল্যাট নির্মাণ।

(৩) ঢাকাস্থ মিরপুর ৬ নং সেকশনে সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ১০৬৪ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ।

(৪) ঢাকাস্থ মিরপুর পাইকপাড়ায় সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ৬০৮ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ।

(৫) ঢাকার মালিবাগে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৪৫৬টি ফ্ল্যাট নির্মাণ।

(৬) ঢাকার বেইলী রোডে মাননীয় মন্ত্রী বর্গের জন্য আবাসিক ভবন নির্মাণ (মিনিস্টার্স এপার্টমেন্ট-৩ নির্মাণ)।

(৭) মিরপুর ৬ নং সেকশনে গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারিদের জন্য ২৮৮ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ।

(৮) ইস্কাটনে সিনিয়র সচিব/সচিব/গ্রেড-১ কর্মকর্তাদের জন্য ৩টি ২০ তলা ভবনে ১১৪ টি ফ্ল্যাট নির্মাণ।

(৯) নারায়ণগঞ্জ আলীগঞ্জে সরকারি কর্মকর্তাদের জন্য ৮টি ১৫ তলা ভবনে ৬৭২টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ।

(খ) প্রাতিষ্ঠানিক অবকাঠামো নির্মাণ :

(১) ঢাকাস্থ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট ভবন উর্ধ্বমূখী সম্প্রসারণের কাজ (৯তলা হতে ১৫ তলা পর্যন্ত ৭টি ফ্লোর) ।

(২) ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট ভবনের উর্দ্ধমূখী (৬ তলা হতে ১০ তলা পর্যন্ত ৫টি ফ্লোর) সম্প্রসারণের কাজ।

(৩) বাংলাদেশ সুপ্রীম কোর্টের অভ্যন্তরীণ অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প।

(৪) মাদারীপুরে সরকারি অফিসসমূহের জন্য বহুতল ভবন নির্মাণ।

(৫) জাতীয় সংসদ ভবনের পূর্ত কাজ, বৈদ্যুতিক ও যান্ত্রিক সিস্টেম এর উন্নয়ন

(৬) বংগভবনের অভ্যন্তরে রাষ্ট্রপতির রেসিডেন্স ব্লক সংলগ্ন পূর্বদিকে সুইমিংপুল স্থাপন।

(৭) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) আগামী ডিসেম্বর/২০১৬ এ অনুষ্ঠেয় নবম গ্লোবাল ফোরাম মাইগ্রেশন উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন এর আয়োজন উপলক্ষে বিশেষ আধুনিকায়ন, সংযোজন ও পরিবর্তনকরণ কাজ।


(গ) ভূমিকম্প ঝুকিপূর্ণ ভবনসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য দক্ষ জনবল তৈরির উদ্দেশ্যে CNCRP শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন করার মাধ্যমে মানবসম্পদ উন্নয়নে অত্র অধিদপ্তর অবদান রাখছে।

(ঘ) নগরাঞ্চালের ভবন সুরক্ষা একটি প্রকল্প বাস্তবায়ন করার মাধ্যমে সরকারী ভবনসমূহের স্থায়িত্বকাল বৃদ্ধিতে অত্র অধিদপ্তর অবদান রাখছে।

(ঙ) চট্রগ্রামের আগ্রাবাদে অবস্থিত জাম্বুরি মাঠে একটি আধুনিক সুযোগ-সুবিধা বিশিষ্ট উদ্যান স্থাপন।


# উন্নয়ন প্রকল্পের বরাদ্দকৃত অর্থের ব্যবহার
# (২০১০-১১ থেকে ২০১৫-১৬)

| অর্থ বছর | প্রকল্প সংখ্যা | এডিপি বরাদ্দ (কোটি টাকা) | অগ্রগতি (%) | মন্তব্য<br>ছয় বছরের গড় অগ্রগতি |
|---|---|---|---|---|
| ২০১০-১১ | ১ | ৬.৪২ | ১০০% | ৯৯.৬৪% |
| ২০১১-১২ | ৪ | ৮.৪০ | ৯৯.৬৪% | |
| ২০১২-১৩ | ৫ | ২৪.৯০ | ৯৯.৯৬% | |
| ২০১৩-১৪ | ৪ | ৪৯.৮১ | ৯৯.৫০% | |
| ২০১৪-১৫ | ৬ | ১৬২.০৫ | ৯৮.৯৪% | |
| ২০১৫-১৬ | ১৬ | ১৮৪.০৮ | ৯৯.৮২% | |



# অনুন্নয়ন বাজেটে বরাদ্দকৃত অর্থের ব্যবহার
# (২০১০-১১ থেকে ২০১৫-১৬)

| অর্থ বছর | বাজেট বরাদ্দ (কোটি টাকা) | ব্যয় (কোটি টাকা) | অগ্রগতি (%) | মন্তব্য ছয় বছরের গড় অগ্রগতি |
|---|---|---|---|---|
| ২০১০-১১ | ৬৪৬.৭০ | ৬৩১.১৭ | ৯৭.৬০% | ৯৭.০৪% |
| ২০১১-১২ | ৬৯৮.৮৫ | ৬৩৭.৬৬ | ৯১.২৪% | |
| ২০১২-১৩ | ৭১৪.৬৮ | ৬৯০.৭২ | ৯৬.৬৫% | |
| ২০১৩-১৪ | ৭৭৩.৬৫ | ৭৫৫.৯১ | ৯৭.৭১% | |
| ২০১৪-১৫ | ৮৭৫.৯০ | ৮৬৯.১৯ | ৯৯.২৩% | |
| ২০১৫-১৬ | ১৮৪.০৯ | ১৮৩.৭৫ | ৯৯.৮২% | |



# বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বরাদ্দ ২০১৫-১৬

(কোটি টাকা)

| প্রকল্প সংখ্যা | মোট বরাদ্দ | জিওবি | প্রকল্প সাহায্য |
|---|---|---|---|
| ১৬ | ১৮৪.০৯ | ১৮৩.৭৫ | -- |

- বিনিয়োগ প্রকল্প ১৫ টি
- কারিগরি সহায়তা প্রকল্প ১ টি
- সম্প্রতি একনেক কর্তৃক নতুন অনুমোদিত প্রকল্প ২ টি

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ব্যতিত গণপূর্ত অধিদপ্তর ২৫টি মন্ত্রণালয়/ বিভাগের প্রকল্প বাস্তবায়নের কাজে নিয়োজিত রয়েছে, তাদের নাম নিম্নরুপ:

সমাজ কল্যান মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, মৎস ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, নির্বাচন কমিশন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়।

## বিগত ৫ বছরে (২০১০-১১ থেকে ২০১৫-১৬) গণপূর্ত অধিদপ্তর কর্তৃক অন্যান্য মন্ত্রণালয়ের বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পের বরাদ্দকৃত অর্থের ব্যবহার

| অর্থ বছর | প্রকল্প সংখ্যা | প্রাপ্ত বরাদ্দ (কোটি টাকা) | অগ্রগতি (%) | মন্তব্য<br>ছয় বছরের গড় অগ্রগতি |
|---|---|---|---|---|
| ২০১০-১১ | ১২১ টি | ৭৯০.৭৩ | ৯৯.৫৯% | ৯৮.৪৯% |
| ২০১১-১২ | ১৪৩ টি | ৮৬৬.১২ | ৯৩.৩০% | |
| ২০১২-১৩ | ১৬২ টি | ১২৯৩.৬৪ | ৯৯.৫১% | |
| ২০১৩-১৪ | ১৬৪ টি | ১৬২৪.৯৪ | ৯৯.৩৩% | |
| ২০১৪-১৫ | ১৬১ টি | ২৬৪৯.৭৫ | ৯৯.৫৮% | |
| ২০১৫-১৬ | ১৫৫ টি | ৩৪২৫.৭৫ | ৯৯.৬৩% | |

## বাস্তবায়িত উল্লেখযোগ্য প্রকল্প
## (২০০৯-১০ থেকে ২০১৫-১৬)

| ক্রমিক | প্রকল্পের নাম |
|---|---|
| ০১। | ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউট ভবনের উর্দ্ধমূখী (৬ তলা হতে ১০ তলা পর্যন্ত ৫টি ফ্লোর) সম্প্রসারণের কাজ। |
| ০২। | বাংলা একাডেমি ভবন নির্মাণ । |
| ০৩। | চট্রগ্রাম ৪ তলা বিশিষ্ট নতুন আদালত ভবন নির্মাণ। |
| ০৪। | মুন্সিগঞ্জ জেলায় ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ (২য় পর্যায়) । |
| ০৫। | শেখ ফজিলাতুননেসা মুজিব মেমোরিয়াল বিশেষায়িত হাসপাতাল এবং নার্সিং কলেজ, গাজীপুর। |
| ০৬। | ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা স্তম্ভ নির্মাণ। |
| ০৭। | মেহেরপুর মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতিকেন্দ্র নির্মাণ। |
| ০৮। | পুলিশ টাওয়ার, ঢাকা |
| ০৯। | ২টি এসএসএফ কোয়ার্টারস (১টি ১১ তলা কর্মকর্তাদের জন্য এবং ১টি ১৪ তলা কর্মচারীদের জন্য) |

| | |
|---|---|
| ১০। | বিএসটিআই ভবন, ঢাকা |
| ১১। | বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর হোষ্টেল |
| ১২। | নতুন আদালত ভবন, চট্রগ্রাম |
| ১৩। | পুরাতন আদালত ভবন, চট্রগ্রাম |
| ১৪। | চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালত ভবন নির্মাণ (১ম পর্যায়-৩৪টি) তন্মধ্যে টাঙ্গাইল |
| ১৫। | ন্যাশনাল ইনষ্টিটিউট অব নিউরো সায়েন্সেস |
| ১৬। | ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, খিলগাঁও, ঢাকা |
| ১৭। | জাতীয় ইএনটি ইন্সটিটিউট, তেজগাঁও, ঢাকা |
| ১৮। | ঢাকা মেডিকেল কলেজ আধুনিকায়ন ও সম্প্রসারণ প্রকল্প |
| ১৯। | ঢাকা মেডিকেল কলেজ আধুনিকায়ন ও সম্প্রসারণ প্রকল্প |
| ২০। | ডেন্টাল কলেজ উন্নীতকরণ |
| ২১। | প্রাকৃতিক দূর্যোগ সহনীয় প্রযুক্তির সাহায্যে সরকারী ভবন সমূহ নির্মাণ ও রেট্রোফিটিং কাজে সক্ষমতা বৃদ্ধি। |

**চলমান.....**

| ক্রমিক | প্রকল্পের নাম |
|---|---|
| ০১। | বর্তমানে জাতীয় সংসদ ভবনের কর্মকর্তা কর্মচারীদের জন্য ৪৪৮ টি ফ্ল্যাট নির্মাণ। |
| ০২। | সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিদের জন্য ৭৬টি ফ্ল্যাট নির্মাণ। |
| ০৩। | ঢাকাস্থ ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউট ভবন উর্ধ্বমূখী সম্প্রসারণের কাজ (৯তলা হতে ১৫ তলা পর্যন্ত ৭টি ফ্লোর)। |
| ০৪। | ঢাকাস্থ আজিমপুরে সরকারী কলোনীতে বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ। |
| ০৫। | ঢাকাস্থ মতিঝিলে সরকারী কলোনীতে বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ। |
| ০৬। | জাতীয় সংসদ ভবনের পূর্ত কাজ, বৈদ্যুতিক ও যান্ত্রিক সিস্টেম এর উন্নয়ন |
| ০৭। | ঢাকাস্থ মিরপুর ৬ নং সেকশনে সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ১০৬৪ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ। |

| | |
|---|---|
| ০৮। | ঢাকাস্থ মিরপুর পাইকপাড়ায় সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ৬০৮ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ। |
| ০৯। | বংগভবনের অভ্যন্তরে রাষ্ট্রপতির রেসিডেন্স ব্লক সংলগ্ন পূর্বদিকে সুইমিংপুল স্থাপন। |
| ১০। | ঢাকার মালিবাগে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৪৫৬টি ফ্ল্যাট নির্মাণ। |
| ১১। | চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত জাম্বুরি মাঠে একটি আধুনিক সুযোগ-সুবিধা বিশিষ্ট উদ্যান স্থাপন। |
| ১২। | নগরাঞ্চলের ভবন সুরক্ষা প্রকল্প। |
| ১৩। | ঢাকার বেইলী রোডে মাননীয় মন্ত্রী বর্গের জন্য আবাসিক ভবন নির্মাণ (মিনিস্টার্স এপার্টমেন্ট-৩ নির্মাণ)। |
| ১৪। | মিরপুর ৬ নং সেকশনে গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারিদের জন্য ২৮৮ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ |
| ১৫। | মাদারীপুরে সরকারি অফিসসমূহের জন্য বহুতল ভবন নির্মাণ |
| ১৬। | ইস্কাটনে সিনিয়র সচিব/সচিব/গ্রেড-১ কর্মকর্তাদের জন্য ৩টি ২০ তলা ভবনে ১১৪ টি ফ্ল্যাট নির্মাণ। |
| ১৭। | নারায়ণগঞ্জ আলীগঞ্জে সরকারি কর্মকর্তাদের জন্য ৮টি ১৫ তলা ভবনে ৬৭২টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ। |
| ১৮। | বাংলাদেশ সুপ্রীম কোর্টের অভ্যন্তরীণ অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প। |
| ১৯। | বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) আগামী ডিসেম্বর/২০১৬ এ অনুষ্ঠেয় নবম গ্লোবাল ফোরাম মাইগ্রেশন উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন এর আয়োজন উপলক্ষে বিশেষ আধুনিকায়ন, সংযোজন ও পরিবর্তনকরণ কাজ। |
| ২০। | ১০০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিস হাসপাতাল (৩টি) |
| ২১। | ২৫০ শয্যা বিশিষ্ট যক্ষা হাসপাতাল, ঢাকা |
| ২২। | পাবনা মেডিকেল কলেজ ও হাসপাতাল |
| ২৩। | বিটিভি টাওয়ার |
| ২৪। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন (১টি বেজমেন্ট + ১২ তলা ভবন) |

# দপ্তরের নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত উল্লেখযোগ্য প্রকল্প

| ক্রমিক | প্রকল্পের নাম |
|---|---|
| ০১। | ঢাকা মহানগরীতে সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের আবাসিক সমস্যা নিরসনকল্পে ৪০৪ টি ফ্ল্যাট নির্মাণ। |

# ২০১৪-২০১৯ মেয়াদের কর্মপরিকল্পনা (নির্বাচিত) (দীর্ঘমেয়াদী)

| ক্রমিক | প্রকল্পের নাম |
|---|---|
| **আবাসিক ভবন** | |
| ০১। | ঢাকার আজিমপুর কলোনীতে বিচারকদের আবাসনের জন্যে টাওয়ার নির্মাণ। |
| ০২। | ঢাকার মহাখালীতে সরকারি কর্মকর্তাদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ। |
| ০৩। | মিরপুর দারুস সালাম রোড, ঢাকায় সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মা। |
| ০৪। | ঢাকায় অবস্থিত বিভিন্ন পরিত্যক্ত বাড়ি/ প্লট এ সরকারি কর্মকর্তাদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ। |
| ০৫। | ঢাকার মিরপুর-৬ এ গণপূর্ত অধিদপ্তরের কাঠের কারখানা আঙ্গিনায় সরকারি কর্মকর্তাদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ। |

| | |
|---|---|
| **অফিস ভবন** | |
| ০১। | শেরে বাংলা নগরে জাতীয় সচিবালয় নির্মাণ । |
| ০২। | আগারগাঁও প্রশাসনিক এলাকায় বহুতল বিশিষ্ট সরকারি অফিস ভবন নির্মাণ। |

| | |
|---|---|
| **পেশাজীবি সংগঠনের অবকাঠামো ভবন** | |
| ০১। | ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলরদেশ (আইডিইবি) এর কেন্দ্রীয় ভবন কমপ্লেক্সের উর্দ্ধমূখী সম্প্রসারন (৪র্থ পর্যায়)। |

| | |
|---|---|
| ০২। | মুন্সীগঞ্জ জেলার গজারিয়ায় ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ নির্মাণ(৩য় পর্যায়)। |

## ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

### স্বল্পমেয়াদী

- বিদ্যমান সরকারি অবকাঠামোসমূহের যথাযথ রক্ষণাবেক্ষণের মাধ্যমে ব্যবহার উপযোগী রাখা
- প্রযোজ্য ক্ষেত্রে বর্তমান ভবনসমূহ যতটুকু সম্ভব উর্ধ্বমূখী সম্প্রসারণের মাধ্যমে অধিকতর স্থান সংকুলান করা

### মধ্যমেয়াদী

- উন্মুক্ত স্থান, খেলার মাঠ, পার্ক, লেক, খাল জলাশয় সংরক্ষণ, উন্নয়ন এবং সবুজায়ন কর্মসূচি বাস্তবায়ন
- সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য বাসস্থান এবং কর্মজীবী ও কর্মমুখী নারীদের জন্যে ডরমিটরি-হোস্টেল নির্মাণ, মেরামত ও সংরক্ষণ কাজ
- সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এর অধীন সংস্থার জন্যে নতুন স্থাপনা নির্মাণ, মেরামত ও সংরক্ষণ, পরিবেশ ও প্রতিবন্ধী বান্ধব স্থাপনা নির্মাণ

### দীর্ঘমেয়াদী

- Vision-২০২১ বাস্তবায়নে সরকারি অবকাঠামো বিনির্মাণে কার্যকর উদ্যোগ গ্রহণ করা ।
- প্রযোজ্য ক্ষেত্রে বর্তমান ভবনসমূহ অপসারণ করে সেই স্থানে নতুন ভবনের উদ্ধমুখী সম্প্রসারণের মাধ্যমে অধিকসংখ্যক স্থান সংকুলান করা।

## গণপূর্ত অধিদপ্তরের সম্ভাবনা

- জমির সর্বোত্তম ব্যবহার ও সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে পরিকল্পিত অবকাঠামো বিনির্মাণে ভূমিকা রাখা
- দেশের সকল প্রকার নির্মাণ শিল্পে সুস্থ পরিবেশ বজায় রাখার স্বার্থে Bangladesh National Building Code (BNBC) এর প্রয়োগে কার্যকর ভূমিকা রাখা
- ভবন নির্মাণে ভুমিকম্প প্রতিরোধক আধুনিক প্রযুক্তির হস্তান্তর, প্রয়োগ ও প্রসার

## অন্তরায়ঃ

- ❖ কর্মকর্তাদের যথাসময়ে পদোন্নতি না পাওয়া।
- ❖ রুলস অব বিজনেস অনুযায়ী সরকারি সকল ভবন নির্মাণ কাজ গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত না হওয়া।
- ❖ প্লিন্থ এরিয়া অনুযায়ী স্থাপনা রক্ষণাবেক্ষণের জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ না পাওয়া।
- ❖ প্রকল্প প্রণয়ন ও অনুমোদনে প্রয়োজনের অতিরিক্ত সময় ব্যয় হওয়া।
- ❖ কাজের অগ্রগতির সাথে সামঞ্জস্যপূর্ণভাবে অর্থ বরাদ্দ না পাওয়া।
- ❖ প্রকৌশলীগণের জন্য সর্বাধুনিক প্রযুক্তির উপর প্রশিক্ষণের সীমিত সুযোগ।
- ❖ শূণ্য পদে জনবল নিয়োগ প্রক্রিয়া দীর্ঘায়িত হওয়া।

## উত্তরণকৌশলঃ

- ❖ যোগ্যতা অনুযায়ী যথাসময়ে পদোন্নতি নিশ্চিত করা।
- ❖ রুলস অব বিজনেস অনুযায়ী সরকারি সকল ভবন নির্মাণ কাজ গণপূর্ত অধিদপ্তরের উপর ন্যাস্ত করা।
- ❖ প্লিন্থ এরিয়া অনুযায়ী স্থাপনা রক্ষণাবেক্ষণের জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ প্রদান করা।
- ❖ প্রকল্প পরিচালক হিসেবে গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা নিয়োগ করা।
- ❖ যথাসময়ে অর্থ ছাড়ের ব্যবস্থা করা।
- ❖ শূণ্য পদে দ্রুত নিয়োগের ব্যবস্থা করা।
- ❖ দেশে এবং বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করা।